

ভারতীয় হাই কমিশন, ঢাকা

২৯ মে ২০১৬

সংবাদ বিজ্ঞপ্তি

ভারতীয় হাই কমিশন আসন্ন ঈদের ছুটি উপলক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের জন্য আগামী ৪-১৬ জুন ২০১৬ এক ঈদ ভিসা ক্যাম্পের আয়োজন করেছে। ভিসা আবেদনকারীরা অগ্রিম সাক্ষাতের তারিখ/ই-টোকেন ছাড়াই তাদের ট্যুরিস্ট ভিসার আবেদন সরাসরি এ ঈদ ভিসা ক্যাম্পে জমা দিতে পারবেন। এই প্রথমবারের মত আসন্ন ঈদের ছুটিতে ভারত ভ্রমণেচ্ছু বাংলাদেশী নাগরিকদের জন্য বিশেষ ব্যবস্থায় এ ক্যাম্পের আয়োজন করা হচ্ছে।

ট্যুরিস্ট ভিসা ক্যাম্প

যে-সব বাংলাদেশী নাগরিকের সাক্ষাতের তারিখ/ই-টোকেন নেই শুধুমাত্র তাদের ট্যুরিস্ট ভিসা আবেদনপত্র গ্রহণের জন্য এই ঈদ ক্যাম্পের আয়োজন করা হচ্ছে। যে-সব আবেদনকারীর সাক্ষাতের তারিখ আছে তারা ঢাকার গুলশান, ধানমন্ডি, উত্তরা ও মতিঝিল এবং ঢাকার বাইরে বরিশাল, ময়মনসিংহ ও খুলনায় আইভিএসি কেন্দ্রে ভিসা আবেদন জমা দিতে পারবেন। মেডিক্যাল, বিজনেস, ও অন্যান্য ভিসা বিভাগের আবেদনপত্র সংশ্লিষ্ট আইভিএসি কেন্দ্রসমূহে গৃহীত হবে।

স্থান ও তারিখ

ঈদ ভিসা ক্যাম্প ভারতীয় হাই কমিশনের নতুন চ্যাম্পেরি কমপ্লেক্স ১-৩ জাতিসংঘ সড়ক, বারিধারায় আগামী ৪-১৬ জুন ২০১৬ (শুক্রবার ১০ জুন ২০১৬ ছাড়া) সকাল ৮.০০টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত চালু থাকবে। পার্ক রোডের চ্যাম্পেরি গেট দিয়ে (ম্যাপ সংযুক্ত) ক্যাম্পে ঢুকতে হবে। ক্যাম্পের ভেতর কোন ব্যাগ ও মোবাইল আনা যাবে না।

যোগ্যতা

বর্তমানে ঢাকা, খুলনা, বরিশাল ও ময়মনসিংহ বিভাগে বসবাসকারী বাংলাদেশী নাগরিকদের জন্য শুধুমাত্র এ ক্যাম্প খোলা থাকবে। আবেদনকারীদের স্বশরীরে উপস্থিত হয়ে আবেদনপত্র জমা দিতে হবে। তবে একসঙ্গে ভ্রমণেচ্ছু পরিবারের সদস্য (পিতা-মাতা/ছেলে-মেয়ে/স্বামী-স্ত্রী)দের পক্ষে একজন আবেদনপত্র জমা দিতে পারবেন।

আবেদনকারীদের নিশ্চিত থাকতে হবে যে, তাদের পাসপোর্টের মেয়াদ আবেদন করার তারিখে কমপক্ষে ৬ মাস আছে এবং পাসপোর্টে কমপক্ষে ২টি খালি পৃষ্ঠা থাকতে হবে। আবেদনপত্র জমা দেওয়ার আগে সতর্কতার সঙ্গে নির্দেশাবলি পড়তে এই লিঙ্কে ক্লিক করুন: www.hcidhaka.gov.in

ফি

ভিসা আবেদন গ্রহণের জন্য ভারতীয় হাই কমিশনের আউটসোর্সিং এজেন্সি ইন্ডিয়ান ভিসা অ্যাপলিকেশন সেন্টারের ভিসা প্রসেসিং ফি ৬০০/= টাকা। ভিসা প্রসেসিং ফি ছাড়া আর কোন ভিসা ফি নেই। ভিসা প্রদানের ক্ষেত্রে ভারতীয় হাই কমিশনের কোন এজেন্ট বা মাধ্যম নেই। ভিসা করে দেবার প্রতিশ্রুতি দানকারী ব্যক্তিকে কোন টাকা না দেওয়ার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে।

হেল্পলাইনসমূহ

যে কোন তথ্যের জন্য ফোন করুন আইভিএসি হেল্পলাইনসমূহ ০৯৬১২ ৩৩৩৬৬৬ এবং ০৯৬১৪ ৩৩৩৬৬৬ এবং ভিজিট করুন www.hcidhaka.gov.in এবং ভারতীয় হাই কমিশনের ফেসবুক (<https://www.facebook.com/IndiaInBangladesh>)।

